



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৯৫

পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির রাজশাহী বিভাগীয় ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত

রাজশাহী; ০১ অগ্রহায়ণ (১৬ নভেম্বর):

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামের (এসইডিপি) আওতায় Strengthening Reading Habit and Reading Skills among Secondary Students Scheme-এর পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির রাজশাহী বিভাগীয় ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৬ নভেম্বর) সকালে রাজশাহী জেলা প্রশাসক আব্দুল জলিল এর সভাপতিত্বে তাঁর সম্মেলনকক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ, এনডিসি কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির টিম লিডার এবং বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ কর্মশালায় প্রধান বক্তা হিসেবে বক্তৃতা করেন।

কর্মশালায় পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। স্কিমভুক্ত সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের মধ্যে বই পড়ার অনুকূল পরিবেশ তৈরি করা, বয়স ও মন উপযোগী সুখপাঠ্য এবং উন্নত মানসম্পন্ন বাংলা ও ইংরেজি বই পড়ার অভ্যাস গড়ে তোলা, উপজেলা পর্যায়ে উদ্বুদ্ধকরণ ও মূল্যায়ন কর্মশালা আয়োজন করা, প্রতিষ্ঠানের প্রধান ও সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/সংগঠককে কর্মসূচি বিষয়ে উদ্বুদ্ধ করা ও প্রশিক্ষণ দেয়া, প্রতিষ্ঠানে বইপড়া ব্যবস্থাপনা তদারকি করা, বই পড়ার ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করে পুরস্কার প্রদান করা, প্রতিষ্ঠানের লাইব্রেরির মানোন্নয়নে সহযোগিতা করা, বই পড়ার পাশাপাশি বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা ও অনলাইনে বইপড়া কার্যক্রম এবং ডিজিটাল লাইব্রেরি তৈরি করা ইত্যাদি বিষয়ে কর্মশালায় গুরুত্বারোপ করা হয়।

কর্মশালায় বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, বাংলাদেশকে সোনার বাংলা হিসেবে গড়ে তোলার জন্য সোনার মানুষ তৈরি করতে হবে। সেই মূল্যবোধসম্পন্ন শক্তিশালী মানুষ তৈরির লক্ষ্যেই বিশ্বসাহিত্য কেন্দ্র গত ৪৪ বছর ধরে কাজ করে যাচ্ছে। শিক্ষার্থীরা পাঠ্য বইয়ের সঙ্গে যদি কর্মসূচির বইগুলো পড়ে তাদের মধ্যে আস্থা, বিশ্বাস ও মূল্যবোধ তৈরি হবে; যার মাধ্যমে তারা জাতি গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে। ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সেকায়েপ প্রকল্পের মাধ্যমে দেশের ২৫০ উপজেলার ১২০০০ শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে বলে এ সময় তিনি জানান।

প্রধানমন্ত্রী দেশের সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির আওতাভুক্ত করার পরামর্শ দিয়েছেন উল্লেখ করে তিনি জানান, এই বিষয়ে লক্ষ্য অর্জনে শিক্ষামন্ত্রী ইতিমধ্যে মন্ত্রণালয়কে নির্দেশনা দিয়েছেন। আগামী বছর থেকে শিক্ষা মন্ত্রণালয়ের সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামের (এসইডিপি) মাধ্যমে দেশের সবকটি জেলার ৩০০ উপজেলার ১৫০০০ শিক্ষা প্রতিষ্ঠানে এ কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

কর্মশালায় বিভাগীয় কমিশনার পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বেগবান করতে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দিয়ে রাজশাহী বিভাগের সকল জেলা ও উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট সবাইকে এই কর্মসূচিতে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের নির্দেশ দেন।

জেলা প্রশাসক পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির মাধ্যমে সমাজ থেকে দুর্গন্ধ দূর হবে এবং সুগন্ধ ছড়াবে বলে মন্তব্য করে শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষকদের মধ্যে পাঠাভ্যাস তৈরির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন।

কর্মশালায় স্বাগত বক্তা পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির কো-টিম লিডার শামীম আল মামুন কর্মশালা আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককে ধন্যবাদ জানিয়ে উপজেলা পর্যায়ে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারবৃন্দের সহযোগিতা কামনা করেন। কর্মশালায় এসইডিপি পিসি ইউনিটের পরিসংখ্যানবিদ ও স্কিম ফোকাল পারসন মো: আসাদুজ্জামান এবং স্কিমের উপপরিচালক ড. আছিছুল আহছান কবীর বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

রাজশাহী বিভাগের জেলা শিক্ষা অফিসারগণ, কর্মসূচিভুক্ত ৩৪টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ বিশ্বসাহিত্য কেন্দ্রের কর্মকর্তাগণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

.....
তোহিদ/সিকান্দার/২০২২/১৭.৪৫ঘ.